



রাবিতে রাকসু জিএস আম্মারকে ঘিরে বিতর্ক, ক্ষুব্ধ শিক্ষক-শিক্ষার্থীরা



সালাউদ্দিন আম্মার। ছবি: সংগৃহীত

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) রাকসুর জিএস সালাহউদ্দিন আম্মারের আচরণ ঘিরে আবারও আলোচনা-সমালোচনা শুরু হয়েছে।

সম্প্রতি রাকসু ভবনে ছাত্র অধিকার পরিষদের রাবি শাখার সভাপতি মেহেদী মারুফসহ কয়েকজন নেতার সঙ্গে তার বাগবিতণ্ডা হয়। এ সময় উত্তেজনার পরিস্থিতি তৈরি হলে ঘটনাটির একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে এবং তা নিয়ে ক্যাম্পাসজুড়ে আলোচনা শুরু হয়।

জানা যায়, রাকসুর কার্যক্রম নিয়ে ফেসবুকে দেওয়া একটি পোস্টকে কেন্দ্র করে বিরোধের সূত্রপাত। ওই পোস্টের মন্তব্যে আম্মারের একটি বক্তব্যকে কেন্দ্র করে উভয় পক্ষের মধ্যে তর্কাতর্কি হয় এবং পরে বিষয়টি রাকসু ভবনে মুখোমুখি বিতর্কে রূপ নেয়।

শিক্ষক-শিক্ষার্থীদের একটি অংশের অভিযোগ, বিভিন্ন সময় সামাজিক যোগাযোগমাধ্যমে উসকানিমূলক বা অশালীন ভাষা ব্যবহার এবং আচরণগত কারণে তিনি বারবার বিতর্কের জন্ম দিচ্ছেন। এতে বিশ্ববিদ্যালয়ের পরিবেশ অস্বস্তিকর হয়ে উঠছে বলেও তারা মনে করেন।

এদিকে তার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় প্রশাসন আগেই দুটি তদন্ত কমিটি গঠন করেছিল। তবে এখনো সেই কমিটিগুলোর প্রতিবেদন প্রকাশ হয়নি। প্রশাসনের পক্ষ থেকে বলা হয়েছে, তদন্ত প্রতিবেদন পাওয়ার পর প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।